

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৩৬৫

আমবাসা, ১৬ অক্টোবর, ২০২৩

পি এম কিষণ

ধলাই জেলায় ৩৮ হাজার ৭৫ জন কৃষক উপকৃত

প্রধানমন্ত্রী কিষণ সম্মাননিধি যোজনায় এখন পর্যন্ত ধলাই জেলায় ৩৮ হাজার ৭৫ জন কৃষক উপকৃত হয়েছেন। এই যোজনায় সুবিধাভোগী কৃষকদের বছরে ৩ কিস্তিতে ৬ হাজার টাকা করে সহায়তা দেওয়া হচ্ছে। কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের ধলাই জেলা কার্যালয়ের উপঅধিকর্তা কমল রিয়াং এই সংবাদ জানিয়েছেন।
